

# বৃষ্টি এবং অদৃশ্য জনৈক

আহমেদ সাবের

কিছুদিন ধরে প্রতিদিন, প্রায় প্রতিদিন  
আমাদের দেখা হয় চোখের আড়ালে গেলে নিজস্ব প্রহরী-  
ছায়া বলে ডাকি যাকে জন্ম-লগ্ন থেকে।  
মেঘের অস্ত্রের জটা ঢেকে দিলে নিকানো উঠান  
শহুরে বয়সী কাক গ্রীবা তুলে আনমনে  
চোখ রাখে জানালার কাঁচে,  
বাতাসে ঝাঁকায় মাথা বর্ষীয়সী বট -- বুকে পুষে ফেরারি তক্ষক।  
তখন মৈনাক ছেড়ে নেমে আসে  
গেরুয়া বসনে বৃত্ত জটাধারী অদৃশ্য জনৈক।

"কি বৃত্তান্ত বল দেখি" বলে স্মিত হাস্যে কাঁধে রেখে হাত  
দশটি মোহন বাঁশী ছুড়ে দেয় বুকুর খাঁচায়।  
অস্ত্রের পিয়ানো বাজে জামালের আগুলের ঘ্রাণে,  
শূন্যে ভাসে নৃত্যরত ইদ্রিসের ড্রাম;  
তখন হাসন রাজা আনমনে রামপাশা ছেড়ে  
হঠাৎ উঠেন গেয়ে নেচে নেচে "আউলা বাউলা পিরীতের গানা",  
সাথে বাজে বিশ্ব জুড়ে বৃষ্টির সরোদ।

---

<sup>১</sup> ইদ্রিস মুহাম্মদ - বিখ্যাত আমেরিকান জ্যাজ ড্রামার

<sup>২</sup> আহম্মদ জামাল - বিখ্যাত আমেরিকান জ্যাজ পিয়ানোবাদক

সিডনী, জুন ১৯, ২০১২